F/APA/UO Note

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা

**বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির সেপ্টেম্বর, ২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: এ বিভাগের প্রশাসন-২ অধিশাখার পত্র নম্বর-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২৩.৩০৪, তারিখ: ৩০/০৭/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির সেপ্টেম্বর, ২০২৩ মাসের প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: (সেপ্টেম্বর, ২০২৩ মাসের প্রতিবেদন)।

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব
ফোন: ৫৫১০০২৭১
ইমেইল: dsop1@emrd.gov.bd

সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ: আ: যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

ইউ. ও. নোট নম্বর: ২৮.০০.০০০০.০২৬.১৬.০০১.২২.৮২

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০ / ০৫ অক্টোবর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
২) অতিরিক্ত সচিব (অপারেশন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) যুগ্মসচিব (পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) যুগ্মসচিব (অপারেশন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) যুগ্মসচিব (প্রশাসন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) উপসচিব (অপারেশন-৪ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপমহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা
www.emrd.gov.bd

**বিষয়: মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির সেপ্টেম্বর, ২০২৩ মাসের প্রতিবেদন।**

২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন মনিটরিং এর লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ৩০/০৭/২০২৩ তারিখে মাস ভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্য-পরিধি অনুযায়ী প্রতি মাসে অন্তত একটিসহ ২০২৩-২৪ অর্থবছরে মোট ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করতে হবে। বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করতে হবে। উক্ত মনিটরিং কমিটির পক্ষে সদস্য শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন, উপসচিব (অপারেশন-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং সদস্য-সচিব জনাব মোহাম্মদ জাহিদ হোসাইন, উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও পরিচালন), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) গত ৩০/০৯/২০২৩ তারিখে আমদানিকৃত কার্গো হ্যান্ডলিং প্রতিষ্ঠান মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড (এমপিএল)-এর প্রধান স্থাপনা, চট্টগ্রাম পরিদর্শন ও আমদানিকৃত জাহাজ হতে জ্বালানি তেল খালাস ও অপারেশন কার্যক্রম পর্যবেক্ষণ করেন।

২। ২০২৩-২৪ অর্থবছরে এপিএ'তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত চুক্তির অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কার্যক্রমের আওতায় ৫০ (পঞ্চাশ) লক্ষ মেট্রিক টন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**বাস্তবায়ন অগ্রগতি:**


**২.১) পরিশোধিত তেল আমদানি কার্যক্রম:**

২০২৩-২৪ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫০ (পঞ্চাশ) লক্ষ মেট্রিক টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে সেপ্টেম্বর ২০২৩ মাসে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপলাইনসহ জাহাজযোগে মোট ১৬টি পার্সেলে (আগস্ট ২০২৩ মাস হতে ডেফারকৃত কার্গোসহ) ডিজেল, জেটএ-১, অকটেন ও ফার্নেস অয়েল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার প্রেক্ষিতে আমদানিকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ নিম্নরূপ:

পরিমাণ: মেট্রিক টন

| পণ্য | সেপ্টেম্বর ২০২৩ মাসে আমদানি পরিকল্পনা (+/-১০%) | সেপ্টেম্বর ২০২৩ মাসে আমদানিকৃত | মন্তব্য |
|---|---|---|---|
| ডিজেল | ২,৩৮,০০০ | ২,৬০,৪৮৩.৬৭ | • আগস্ট ২০২৩ মাস হতে ডেফারকৃত পার্সেলসহ সেপ্টেম্বর ২০২৩ মাসে মোট ১৬টি পার্সেলে (এনআরএল, ভারত হতে আমদানিকৃত পার্সেলসহ) মোট ৪,৩১,০৫৫.০৭ মেট্রিক টন বিভিন্ন গ্রেডের পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে। |
| জেটএ-১ | ৪৫,০০০ | ৪৬,২৩৯.২৪ | |
| অকটেন | ২০,০০০ | ২১,৯৭৯.৪৯ | |
| ফার্নেস অয়েল | ১,০০,০০০ | ১,০২,৩৫২.৬৬ | |
| **মোট** | **৪,০৩,০০০** | **৪,৩১,০৫৫.০৭** | |

**২.২) সেপ্টেম্বর ২০২৩ মাসে আমদানিকৃত জ্বালানি তেলের গ্রেড ভিত্তিক লেখচিত্র:**



**রিদর্শন কার্যক্রম:**

পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সরেজমিন পরিদর্শনের লক্ষ্যে গত ৩০/০৯/২০২৩ তারিখে মনিটরিং কমিটির সদস্য শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন, উপসচিব (অপারেশন-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং সদস্য-সচিব জনাব মোহাম্মদ জাহিদ হোসাইন, উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও পরিচালন), বিপিসি পরিশোধিত তেলের মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড (এমপিএল)'র প্রধান স্থাপনা পরিদর্শন করেন। কর্মকর্তাদ্বয় এমপিএল-এর জেটিতে আগত "MT Ardmore Engineer" জাহাজ হতে তেল খালাস কার্যক্রম এবং লাইটার জেটিতে অপারেশন কার্যক্রম সরেজমিন পরিদর্শন ও পর্যবেক্ষণ করেন। উক্ত পরিদর্শনকালে এমপিএল'র সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

**২.৩) স্থিরচিত্র:**



চিত্র-১: কমিটির সদস্যগণ এমপিএল এর ডলফিন জেটি-৫ (DOJ-5) এ আমাদনিকৃত জ্বালানি তেল খালাস কার্যক্রম কার্যক্রম পরিদর্শন করেন।



চিত্র-২: কমিটির সদস্যগণ লাইটার জেটি এলজি-৩ তে অপারেশন কার্যক্রম পর্যবেক্ষণ করেন।

৩। ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সেপ্টেম্বর ২০২৩ সময়ে পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ও অর্জনের বিবরণ নিম্নরূপ:

পরিমাণ: লক্ষ মেট্রিক টন

| কার্যক্রম | বাৎসরিক লক্ষ্যমাত্রা | অর্জন | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| | | জুলাই, ২০২৩ | আগস্ট, ২০২৩ | সেপ্টেম্বর, ২০২৩ | |
| ১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি | ৫০.০০ | ৩.৪৭ | ৫.৮০ | ৪.৩১ | ১৩.৫৮ (২৭.১৬%) |

উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে সেপ্টেম্বর ২০২৩ মাসে ৪.০৩ লক্ষ মেট্রিক টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ছিল। উল্লিখিত মাসে ৪.৩১ লক্ষ মেট্রিক টন পরিশোধিত তেল আমদানি করা হয়, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ১০৭%। উল্লেখ্য, সেপ্টেম্বর ২০২৩ মাসে পরিকল্পনার বিপরীতে কার্গোসমূহ কিছু কিছু ক্ষেত্রে প্রায় + ১০% অপশনে আগমন করায় এবং আগস্ট ২০২৩ মাসের ডেফারকৃত পার্সেল এ মাসে আগমন করায় এ মাসে শতভাগের উর্দ্ধে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

৪। **কমিটির মন্তব্য/ সুপারিশ:**

| ক্র.ম. | মন্তব্য/ সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী মাসভিত্তিক/ বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখা; | বিপিসি |
| ৪.২ | আমদানিকৃত জাহাজের অপারেশন/ খালাস কার্যক্রম সংশ্লিষ্ট কোম্পানির লোডিং মাস্টারের সার্বক্ষণিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে; | সংশ্লিষ্ট কোম্পানি |
| ৪.৩ | লাইটার জেটি হতে যথা সময়ে কার্গো লোডিং নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় সিডিউল প্রস্তুত, অবকাঠামো মেরামত ও নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন; | সংশ্লিষ্ট কোম্পানি |
| ৪.৫ | জেটিতে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত ও অগ্নি নির্বাপণ ব্যবস্থা নিয়মিত পরীক্ষা করা প্রয়োজন। | সংশ্লিষ্ট কোম্পানি |

মোহাম্মদ জাহিদ হোসাইন
উপমহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন্স)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
ও
সদস্য-সচিব
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব (অপারেশন-১ শাখা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

দীপক কুমার চক্রবর্তী
উপসচিব (অপারেশন-৪ শাখা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

এ কে এম মিজানুর রহমান
যুগ্মসচিব (প্রশাসন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি

ড. মোঃ রফিকুল ইসলাম
যুগ্মসচিব (পরিকল্পনা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক
মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি